

## 💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৪৭. গুনাহ্র চিকিৎসা : তাওবা।

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

وَتُوبُوا إِلَى اللَّهِ جَمِيعًا أَيُّهَ الْمُؤْمِنُونَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ

"হে মুমিনগণ! তোমরা সকলে মিলে আল্লাহর কাছে তাওবা কর। আশা করা যায় তোমরা কল্যাণ লাভ করবে।[১] অন্য জায়গায় বলা হয়েছে,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تُوبُوا إِلَى اللَّهِ تَوْبَةً نَّصنُوحًا

"হে ঈমানদারগণ! আল্লাহর কাছে তাওবা কর, খাঁটি ও সত্যিকার তাওবা।[২] সূরা আয যুমারে বলা হয়েছে,

وَأَنِيبُوا إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلِمُوا لَهُ مِن قَبْلِ أَن يَأْتِيكُمُ الْعَذَابُ

'ফিরে এসো তোমার প্রতিপালকের দিকে এবং তাঁর অনুগত হও, তোমাদের উপর আযাব আসার আগে।[৩] রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

إِنَّهُ لَيُغَانُ عَلَى قَلْبِي وَإِنِّي لَأَسْتَغْفِرُ اللَّهَ فِي الْيَوْمِ مِائَّةَ مَرَّةٍ

'আমার অন্তরও মাঝে মাঝে ভারাক্রান্ত হয়ে যায়। আমি আল্লাহর কাছে প্রতিদিন একশ'বার তাওবা করে থাকি।[8]

## ফুটনোট

[১]. সূরা আন নূর, আয়াত : ৩১।

[২]. সুরা আত তাহরীম, আয়াত : ৮।

কাতাদা (র) বলেছেন- নাসূহা অর্থ খাটি ও আন্তরিক

তাওবা। নুমান ইবনু বশীর আমীরুল মুমিনীন উমার ইবনুল খাত্তাব (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলেন- তাওবাতান নাসূহা কী? জবাবে তিনি বলেছিলেন- মানুষ কোনো অন্যায় করার পর এমনভাবে তাওবা করবে যাতে সেই অন্যায়ের আর পুনরাবৃত্তি না ঘটে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন- 'কোনো অপরাধী যদি (উপরিউক্তভাবে) তাওবা করে তাহলে তাকে এমনভাবে মাফ করে দেয়া হয় তার আর কোনো গুনাহ্ অবশিষ্ট থাকে না।



- [৩]. সূরা আয যুমার, আয়াত : ৫৪।
- [8]. সহীহ মুসলিম; সুনানু আবী দাউদ।
- Source https://www.hadithbd.com/books/link/?id=12345

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন